

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
আবহাওয়া ভবন
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bmd.gov.bd

বিষয়: জুলাই ২০২০ মাসে “ইনোভেশন টিম” এর কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সূত্র: নং ২৩.০০.০০০০.২৩০.০৬.০১৮.১৫.৫৮, তারিখ: ২৫ জুলাই ২০১৬।


সভার সভাপতি : মোঃ মোজাম্মেল হক তরফদার, উপপরিচালক (প্রকৌশল)
সভার তারিখ ও সময় : ২৯ জুলাই ২০২০ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা।
সভার স্থান : উপপরিচালক (প্রকৌশল) এর অফিস কক্ষ।
সভায় উপস্থিতির তালিকা : পরিশিষ্ট - ‘ক’

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জনাব ডঃ মোঃ ছাদেকুল আলম, সহকারী পরিচালক ও ইনোভেশন টিমের সদস্য জানান যে, এ অধিদপ্তরের সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণের জন্য a2i প্রোগ্রাম এর অর্থায়নে “Automated Dissemination System of Current Weather Condition” শীর্ষক ইনোভেশন প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। জনাব মোঃ আব্দুল মতিন, উর্ধ্বতন যোগাযোগ প্রকৌশলী ও ইনোভেশন টিমের সদস্য জানান যে, a2i প্রোগ্রামের 333 কোড ব্যবহার করে Current Weather সরাসরি জনসাধারণকে জানানোর কার্যক্রম চালু করা হয়েছে। যে কোন Mobile থেকে কোন জেলার Current Weather জানার জন্য (BMDCW<SPACE><FIRST 4 LETTERS OF DISTRICT>) লিখে 333 তে Send করলে সেই জেলার Current Weather পাওয়া যাবে। এ ছাড়া যে কোন Mobile থেকে 1090 বা 10941 নম্বরে ডায়াল করে টোল ফ্রি যে কোন সময় দুর্যোগ সম্পর্কিত আবহাওয়া বার্তা জানা যাবে। সভায় ইনোভেশন সংক্রান্ত সার্বিক কার্যক্রমের অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচিত হয়।

৩। ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত পদক্ষেপগুলো নিম্নরূপ:

- ক) এ অধিদপ্তরের টেন্ডার সংক্রান্ত তথ্যাদি অধিদপ্তরীয় ওয়েবসাইটে নিয়মিত প্রচার করা হচ্ছে।
- খ) অধিদপ্তরীয় ওয়েবসাইট বাংলা ও ইংরেজী মাধ্যমে প্রতিদিন নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। এছাড়া দুর্যোগকালীন সময়ে সকল সতর্কবার্তা আপলোড করা হয়।
- গ) ডিজিটাল নথি নম্বর ইতোমধ্যে সদর দপ্তরে শতভাগ সহ সারা দেশে আবহাওয়া কার্যালয় সমূহে ৯৮% ডিজিটাল নথি নম্বর ব্যবহার করা হচ্ছে।
- ঘ) অধিদপ্তরীয় কর্মকর্তা/ কর্মচারীদের নিকট থেকে আবহাওয়া সম্পর্কিত কাজের উদ্ভাবনী প্রস্তাবনা সংগ্রহের জন্য ‘আইডিয়া বক্স’ চালু করা হয়েছে।
- ঙ) বর্তমানে E-নথির ব্যবহার ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। জুন ২০২০ মাসে Live-Server ব্যবহারকারী (বড় ক্যাটেগরি) তে এ অধিদপ্তর প্রথম অংশে রয়েছে।
- চ) Basic ICT বিষয়ে ৪৫০ জনের প্রশিক্ষণ প্রদান এবং Advanced ICT ও Project Management বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।
- ছ) স্বচ্ছতা এবং গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে Electronic Government Procurement (E-GP) এর মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হচ্ছে।
- জ) স্বল্প সময়ে সহজভাবে জলবায়ু উপাত্ত প্রদানের লক্ষ্যে এ অধিদপ্তরে Online Data Purchase System এর মাধ্যমে ডাটা বিক্রয় ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে।
- ঝ) সারা দেশে মৎস্য সম্পদ বৃদ্ধির লক্ষ্যে আবহাওয়া পূর্বাভাস ও মাছ চাষের নির্দেশনা সম্পর্কিত BMD Aquaculture App চলমান রয়েছে।
- ঞ) স্থিত Global Telecommunication System (GTS) Link টিকে WMO Information System (WIS)- এ উন্নীত করা হয়েছে।
- ট) বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (BTRC) থেকে প্রাপ্ত শর্ট কোড (১৬১১০) ব্যবহার করে আবহাওয়া পূর্বাভাস মোবাইলের এসএমএস (SMS) এর মাধ্যমে প্রাপ্তির ব্যবস্থা চালু হয়েছে (যে কোন গ্রামীণ ফোন থেকে mobile এর message option এ গিয়ে START লিখে 16110 তে Send করলে প্রাপ্ত Return message এ পূরণায় y লিখে 16110 তে Send করলে Service টি চালু হবে)।
- ঠ) Real time Earthquake Event এ অধিদপ্তরের ওয়েবসাইটে নিয়মিত প্রচার করা হচ্ছে।
- ড) “উপকূলীয় মৎস্যজীবীদের জন্য আবহাওয়া পূর্বাভাস প্রাপ্তি সহজীকরণ” শীর্ষক প্রস্তাবিত ইনোভেশন প্রকল্প BMD থেকে বাজেট প্রাপ্তি অনুযায়ী ক্রমান্বয়ে বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হবে; যার প্রাক্কলিত ব্যয় টাকা ৩৫,০০,০০০/- (টাকা পঁয়ত্রিশ লক্ষ মাত্র) এবং বাস্তবায়ন কাল ৯ মাস।
- ঢ) Ministry of Foreign Affairs, Norway ও ADPC এর সহায়তায় Bangladesh Climate Data Portal পরীক্ষামূলক চলছে।

৪। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ মোজাম্মেল হক তরফদার
উপপরিচালক (প্রকৌশল) ও
চীফ ইনোভেশন অফিসার, বিএমডি, ঢাকা।